

চবি শিক্ষক নিয়োগ সিডিকেটে সিজিপিএ পরিবর্তনের সিদ্ধান্ত

■ চবি সর্বোদ্যোগ

চট্টগ্রাম বিশ্ববিদ্যালয়ের শিক্ষক নিয়োগে সিজিপিএ নির্ধারণের ক্ষেত্রে পরিবর্তন আনা হয়েছে। রবিবার বিশ্ববিদ্যালয়ের ৪৭৯তম সিডিকেটে সভার এ সিদ্ধান্ত নেয়া হয়েছে। সিডিকেট সদস্য ড. নাসিম হাসান এ সভায় নিশ্চিত করেছেন। তিনি বলেন, বিশ্ববিদ্যালয়ে শিক্ষকদের নিয়োগ ও পদোন্নতির বিষয়ে একটি রিভিউ কমিটি গঠন করা হয়। বিভিন্ন অনুষদ ও বিভাগের আবেদনের পরিপ্রেক্ষিতে এই রিভিউ কমিটি রিপোর্ট প্রদান করে। আর এই রিপোর্টের ভিত্তিতেই সিজিপিএ'র ক্ষেত্রে পরিবর্তন আনা হয়েছে। ড. নাসিম হাসান জানান, শিক্ষক নিয়োগের ক্ষেত্রে বিভিন্ন অনুষদে বিভিন্ন রকম যোগ্যতা চাওয়ার সিদ্ধান্ত হয়েছে। সমাজ বিজ্ঞান অনুষদে স্নাতক ও স্নাতকোত্তরে সিজিপিএ-৩ দশমিক ৬০ এবং কলা ও মানববিদ্যা অনুষদে বাংলা, ইংরেজি বা অন্য বিভাগের ক্ষেত্রে ৩ দশমিক ৫০। বাংলা আর ইংরেজি বিভাগের ক্ষেত্রে সিজিপিএ-৩ দশমিক ৩০ ন্যূনতম যোগ্যতা হিসেবে বিবেচনার সিদ্ধান্ত নেয়া হয়েছে। এদিকে বিজ্ঞান ও জীববিজ্ঞান অনুষদের জন্য স্নাতক ও স্নাতকোত্তরে ধরা হয়েছে সিজিপিএ-৩ দশমিক ৬০। এ ছাড়া ব্যবসায় প্রশাসন অনুষদে শিক্ষক নিয়োগের ক্ষেত্রে যোগ্যতা হিসেবে বিবিএ ও এমবিএ'র যে কোনটিতে ৩ দশমিক ৬০ এবং ৩ দশমিক ৭০ চাওয়ার সিদ্ধান্ত নেয় সিডিকেট। অন্যদিকে এসএসসি এবং এইচএসসিতে জিপিএ ৩ রাখা হয়েছে বলেও এই সিডিকেট সদস্য জানান। এর আগে শিক্ষক নিয়োগের যোগ্যতায় এসএসসি থেকে মাস্টার্স পর্যন্ত ন্যূনতম জিপিএ ৩ বাড়ানোর জন্য উপাচার্যকে আরকপিপি দেন শিক্ষকরা।

প্রসঙ্গত, গত ২২ নভেম্বর কর্তৃপক্ষ এসএসসি থেকে মাস্টার্স পর্যন্ত সকল স্তরে জিপিএ ৩ কে ন্যূনতম যোগ্যতা বিবেচনা করে বিভিন্ন পত্রিকায় শিক্ষক নিয়োগের বিজ্ঞপ্তি প্রকাশ করে বিশ্ববিদ্যালয়ে প্রকাশন।